গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল।
(সাধারণ শাখা)
www.barisal.gov.bd

স্মারক নং: ০৫.১০.০৬০০.১০৬.৫৩.০২৮.২০-১০২৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮ / ৩০ সেপ্টেম্বর ২০২১

বিষয়ঃ- চলতি ২০২১-২০২২ অর্থবছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে ইলিশ আহরনে বিরত থাকা জেলেদের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) উপ বরাদ্দ প্রদান।

সুত্রঃ- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০.১২৭.১২.০০৩,১৭. ২২৯ এবং ২৩০ তারিখঃ ২৭ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে বরিশাল জেলাধীন ০৯ টি উপজেলায় প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে ইলিশ আহরনে বিরত থাকা জেলেদের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) অক্টোবর-২০২১ মাসের জন্য পরিবার প্রতি ২০ (বিশ) কেজি হারে বিতরনের নিমিত্ত সর্বমোট ৫১৭০০ টি পরিবারে ১০৩৪ (এক হাজার চৌত্রিশ) মে.টন চাউল এবং পরিবহণ খরচ বাবদ ২৫৮৫০০ টাকা নিম্নলিখিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকুলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রঃ নং | উপজেলার নাম | সুপারিশকৃত জেলে পরিবারের সংখ্যা | বরাদ্দকৃত ভিজিএফ (চাল) এর পরিমাণ (মে.টন) | পরিবহণ খরচ ২৫০ টাকা/মে. টন হিসাবে |
|---|---|---|---|---|
| ১ | বরিশাল সদর | ৩৭০০ | ৭৪.০০ | ১৮৫০০ |
| ২ | বাবুগঞ্জ | ২৩০০ | ৪৬.০০ | ১১৫০০ |
| ৩ | মুলাদী | ৩০৪৫ | ৬০.৯০ | ১৫২২৫ |
| ৪ | হিজলা | ১৪০৮০ | ২৮১.৬০ | ৭০৪০০ |
| ৫ | বাকেরগঞ্জ | ৪২২০ | ৮৪.৪০ | ২১১০০ |
| ৬ | উজিরপুর | ১৬০০ | ৩২.০০ | ৮০০০ |
| ৭ | গৌরনদী | ১৬৬০ | ৩৩.২০ | ৮৩০০ |
| ৮ | বানারিপাড়া | ২২২৫ | ৪৪.৫০ | ১১১২৫ |
| ৯ | মেহেন্দিগঞ্জ | ১৮৮৭০ | ৩৭৭.৪০ | ৯৪৩৫০ |
| | সর্বমোট | ৫১৭০০ | ১০৩৪.০০ | ২৫৮৫০০ |

২। উপজেলা নির্বাহী অফিসারগণ মঞ্জুরীকৃত ভিজিএফ (চাল) চলতি ২০২১-২০২২ অর্থবছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে ইলিশ আহরনে বিরত থাকা জেলেদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপুর্বক যথানিয়মে ১৫/১১/২০২০ তারিখের মধ্যে বিতরণ/বন্টন সম্পন্ন করবেন এবং দুযোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৯/১২/২০১৪ তারিখের ৫১.০০.০০০০.৪২২.২২.০০১,১৩-২২৮ সংখ্যক স্মারকের নির্দেশনা অনুযায়ী দূরত্ব বিবেচনায় পরিবহণ ব্যয় উপ-বরাদ্দ প্রদান করবেন ও নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৩। উপজেলা নির্বাহী অফিসারগণ ভিজিএফ (চাল) বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত রাখবেন।

৪। উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রমের সাথে সমন্বয় করে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণ কার্যক্রম শেষে জেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বরাবরে প্রতিবেদন প্রেরণ করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

৫। উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দ প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে ডিও মোতাবেক পরিবহণ ব্যয় পরিশোধ করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৬। চলতি ২০২১-২২ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট কোড নং ১২০০০১৯০৩-৩৭২২১০১ ভিজিএফ কার্যক্রম খাত হতে ব্যয় নির্বাহ হবে।

৭। চলতি ২০২১-২২ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট কোড নং ১৪৪০১০১১২২৯৯০-৩২২১১০৬ পণ্যের ভাড়া এবং পরিবহণ ব্যয় খাত হতে ব্যয় নির্বাহ হবে।

৮। ভিজিএফ চাল বিতরণের সময় প্রয়োজনে র‍্যাব, পুলিশ, অথবা অন্যান্য আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নেয়া যেতে পারে।

৯। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

জসীম উদ্দীন হায়দার
জেলা প্রশাসক
বরিশাল।

বিতরন:
উপজেলা নির্বাহী অফিসার
বরিশাল সদর, বাবুগঞ্জ, মুলাদী, হিজলা,
বাকেরগঞ্জ, উজিরপুর, গৌরনদী, বানারীপাড়া, মেহেন্দিগঞ্জ. বরিশাল।